রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ভেদভেদী, রাঙ্গামাটি - ৪৫০০

স্মারক নং - রাবিপ্রবি/প্রশাঃ শাঃ/নিয়োগ -৪/২০১৮/৫৪৫ তারিখ ঃ ২০/০৫/২০১৮ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য (স্থায়ী) পদসমূহ পূরনের নিমিত্তে বাংলাদেশের যোগ্য নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে ঃ

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১ ক)	অধ্যাপক/সহযোগী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ) ৫৪,৫০০-৭৪,৪০০/- ৫০,০০০-৭১,২০০/- (পুন: বিজ্ঞপ্তি)	০১	অনূর্ধ্ব ৪৫ বছর	**অধ্যাপক/সহযোগী অধ্যাপক** ১. প্রার্থীর এসএসসি/সমমান এবং এইচএসসি/ সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.৫০ থাকতে হবে। সনাতন পরীক্ষা পদ্ধতির ক্ষেত্রে উভয়টিতে প্রথম বিভাগ থাকতে হবে। ২. প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (বিএসসি ইঞ্জিনিয়ারিং) এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রথম শ্রেণি থাকতে হবে। **অধ্যাপকের ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী ঃ-** ক. স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ১০ (দশ) বছরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। খ. এমফিল ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৭ (সাত) বছরসহ ন্যূনতম ১৭ (সতের) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। গ. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৫ (পাঁচ) বছরসহ ন্যূনতম ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঘ. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নাল (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকতে হবে। সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৬ (ছয়)টি প্রকাশনা থাকতে হবে এবং First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। মোট প্রকাশনার ন্যূনতম ২ (দুই) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকতে হবে। **সহযোগী অধ্যাপকের ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী ঃ-** ক. স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বছরসহ মোট ন্যূনতম ১৪ (চৌদ্দ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। খ. এমফিল (থিসিসসহ) ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৬ (ছয়) বছরসহ মোট ন্যূনতম ৯ (নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। গ. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঘ. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ৬ (ছয়) টি প্রকাশনা

				থাকতে হবে। তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৪ (চার) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। মোট প্রকাশনার ন্যূনতম ১ (এক) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকতে হবে।
খ)	অধ্যাপক/সহযোগী অধ্যাপক (ম্যানেজমেন্ট বিভাগ) ৫৪,৫০০-৭৪,৪০০/- ৫০,০০০-৭১,২০০/- (পুন: বিজ্ঞপ্তি)	০১	অনূর্ধ্ব ৪৫ বছর	**অধ্যাপক/সহযোগী অধ্যাপক** ১. প্রার্থীর এসএসসি/সমমান এবং এইচএসসি/ সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.৫০ থাকতে হবে। সনাতন পরীক্ষা পদ্ধতির ক্ষেত্রে উভয়টিতে প্রথম বিভাগ থাকতে হবে। ২. প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রথম শ্রেণি থাকতে হবে। **অধ্যাপকের ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী ঃ-** ক. স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ১০ (দশ) বছরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। খ. এমফিল ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৭ (সাত) বছরসহ ন্যূনতম ১৭ (সতের) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। গ. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৫ (পাঁচ) বছরসহ ন্যূনতম ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঘ. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নাল (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকতে হবে। সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৬ (ছয়)টি প্রকাশনা থাকতে হবে এবং First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। মোট প্রকাশনার ন্যূনতম ২ (দুই) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকতে হবে। **সহযোগী অধ্যাপকের ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী ঃ-** ক. স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বছরসহ মোট ন্যূনতম ১৪ (চৌদ্দ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। খ. এমফিল (থিসিসসহ) ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৬ (ছয়) বছরসহ মোট ন্যূনতম ৯ (নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। গ. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঘ. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৪ (চার) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। মোট প্রকাশনার ন্যূনতম ১ (এক) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকতে হবে।

০২ ক)	সহকারী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ) ৩৫,৫০০ - ৬৭,০১০/- (যোগ্য প্রার্থীর অপ্রাপ্যতার ক্ষেত্রে উক্ত পদের বিপরীতে প্রভাষক নেওয়া হবে)	০২	অনূর্ধ্ব ৩৫ বছর	ক. প্রার্থীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। সনাতন পরীক্ষা পদ্ধতির ক্ষেত্রে উভয়টিতে প্রথম বিভাগ থাকতে হবে। খ. প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (বিএসসি ইঞ্জিনিয়ারিং) এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রথম শ্রেণি থাকতে হবে। গ. আবেদনকারীকে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঘ. এমফিল/সমমানের ডিগ্রিপ্রাপ্ত (থিসিসসহ) প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঙ. পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। চ. স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ১ (এক) টি প্রকাশনা থাকতে হবে।
খ)	সহকারী অধ্যাপক (ম্যানেজমেন্ট বিভাগ) ৩৫,৫০০ - ৬৭,০১০/- (যোগ্য প্রার্থীর অপ্রাপ্যতার ক্ষেত্রে উক্ত পদের বিপরীতে প্রভাষক নেওয়া হবে)	০২	অনূর্ধ্ব ৩৫ বছর	ক. প্রার্থীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.৫০ থাকতে হবে। সনাতন পরীক্ষা পদ্ধতির ক্ষেত্রে উভয়টিতে প্রথম বিভাগ থাকতে হবে খ. প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রথম শ্রেণি থাকতে হবে। গ. আবেদনকারীকে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঘ. এমফিল/সমমানের ডিগ্রিপ্রাপ্ত (থিসিসসহ) প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঙ. পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। চ. স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ১ (এক) টি প্রকাশনা থাকতে হবে।
০৩ ক)	প্রভাষক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ) ২২,০০০-৫৩,০৬০/- (১ টি পদ শূণ্য হওয়ায় বিপরীতে পুনঃ বিজ্ঞপ্তি)	০৩	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। সনাতন পরীক্ষা পদ্ধতির ক্ষেত্রে উভয়টিতে প্রথম বিভাগ থাকতে হবে। খ) প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (বিএসসি ইঞ্জিনিয়ারিং) এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রথম শ্রেণি থাকতে হবে।

খ)	প্রভাষক (ম্যানেজমেন্ট বিভাগ) ২২,০০০-৫৩,০৬০/-	০২	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। সনাতন পরীক্ষা পদ্ধতির ক্ষেত্রে উভয়টিতে প্রথম বিভাগ থাকতে হবে। খ) প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রথম শ্রেণি থাকতে হবে।
০৪	সহকারী রেজিস্ট্রার ২৯,০০০-৬৩,৪১০/-	০১	অনূর্ধ্ব ৪৫ বছর	ক) প্রার্থীকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় শ্রেণি/সিজিপিএ ২.০০ এর নিচে গ্রহণযোগ্য নহে। গ) সরকারি / আধা-সরকারি / পাবলিক বিশ্ববিদ্যালয়/ স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠানে বা সংস্থায় ০৪ (চার) বছর প্রশাসনিক কার্যাদি সম্পাদনের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক কাজে দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে। ঘ) প্রার্থীকে অবশ্যই কম্পিউটার ব্যবহারে বাস্তব জ্ঞান থাকা আবশ্যক।
০৫	একাউন্টস অফিসার ২২,০০০-৫৩,০৬০/-	০১	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং/ ফিন্যান্স/ম্যানেজমেন্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় শ্রেণি/সিজিপিএ ২.০০ এর নিচে গ্রহণযোগ্য নহে। গ) সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/ সরকারিভাবে স্বীকৃত স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে বা সংস্থায় অর্থ ও হিসাব বিভাগে অভিজ্ঞতা থাকলে প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে । ঘ) প্রার্থীকে অবশ্যই কম্পিউটার ব্যবহারে বাস্তব জ্ঞান থাকা আবশ্যক।
০৬	কম্পিউটার অপারেটর ১২,৫০০-৩০,২৩০/-	০২	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে । খ) শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় শ্রেণি/সিজিপিএ ২.০০ এর নিচে গ্রহণযোগ্য নহে। গ) বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪৫ শব্দ টাইপের গতি থাকতে হবে। মাইক্রোসফট অফিস ও কম্পিউটার রক্ষণাবেক্ষণে পারদর্শী ও অফিস কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে। ঘ) সরকারি / আধা-সরকারি / স্বায়ত্তশাসিত/ সরকারিভাবে স্বীকৃত স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে বা সংস্থায় সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকলে প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।
০৭	স্টোর কিপার ১১,০০০-২৬,৫৯০/- (পুন: বিজ্ঞপ্তি)	০১	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় শ্রেণি/সিজিপিএ ২.০০ এর নিচে গ্রহণযোগ্য নহে। গ) সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/ সরকারিভাবে স্বীকৃত স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে বা সংস্থায় স্টোরে রক্ষিত মালামালের হিসাব রক্ষন কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। ঘ) প্রার্থীকে অবশ্যই কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

০৮	ক্যাটালগার (গ্রেড-১) ১১,০০০-২৬,৫৯০/- (পদ শূণ্য হওয়ায় পুনঃ বিজ্ঞপ্তি)	০১	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা বা সমমানের ডিগ্রি থাকতে হবে। এছাড়াও গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে স্নাতক বা সমমানের পাশ প্রার্থীরা আবেদন করতে পারবে। খ) শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় শ্রেণি/সিজিপিএ ২.০০ এর নিচে গ্রহণযোগ্য নহে। গ) প্রার্থীকে অবশ্যই কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।
০৯	অফিস সহকারী কাম-টাইপিস্ট ৯,৩০০-২২,৪৯০/- (১ টি পদ শূণ্য হওয়ায় বিপরীতে পুনঃ বিজ্ঞপ্তি)	০২	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় শ্রেণি/সিজিপিএ ২.০০ এর নিচে গ্রহণযোগ্য নহে। গ) বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪৫ শব্দ টাইপের গতি থাকতে হবে। ঘ) সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/ সরকারিভাবে স্বীকৃত স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে বা সংস্থায় সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকলে প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।
১০	একাউন্টস এসিস্ট্যান্ট ৯,৩০০-২২,৪৯০/-	০১	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় শ্রেণি/সিজিপিএ ২.০০ এর নিচে গ্রহণযোগ্য নহে। গ) সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/ সরকারিভাবে স্বীকৃত স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে বা সংস্থায় অর্থ ও হিসাব বিভাগে অভিজ্ঞতা থাকলে প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।
১১	বাস ড্রাইভার ৯,৭০০-২৩,৪৯০/-	০১	অনূর্ধ্ব ৩৫ বছর	ক) প্রার্থীকে ৮ম শ্রেণী পাশ এবং BRTA কর্তৃক প্রদত্ত ভারী ড্রাইভিং লাইসেন্সসহ কমপক্ষে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা। খ) অধিকতর অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
১২	বাস হেলপার ৮,৫০০-২০,৫৭০/-	০১	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীকে অবশ্যই ৮ম শ্রেণী পাশ হতে হবে। খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।
১৩	অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০/-	০২	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীকে অবশ্যই এসএসসি পাশ হতে হবে। খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে ।
১৪	সিকিউরিটি গার্ড ৮,২৫০-২০,০১০/-	০২	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীকে অবশ্যই ৮ম শ্রেণী পাশ এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে ।
১৫	ক্লিনার ৮,২৫০-২০,০১০/-	০২	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীকে অবশ্যই ৮ম শ্রেণী পাশ হতে হবে। খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।
১৬	ডেসপাস রাইডার ৮,২৫০-২০,০১০/-	০১	অনূর্ধ্ব ৩০ বছর	ক) প্রার্থীকে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ মোটর সাইকেল চালনায় বৈধ লাইসেন্স থাকতে হবে। খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।

ক) আগ্রহী প্রার্থীদেরকে আবেদনপত্রের নির্ধারিত ছক মোতাবেক আবেদন করতে হবে। আবেদনপত্র **আগামী ২২/০৫/২০১৮ খ্রিঃ হতে ০৬/০৬/২০১৮ খ্রিঃ তারিখ** বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে "রেজিস্ট্রার", রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, অস্থায়ী প্রধান কার্যালয়, ভেদভেদী, রাঙ্গামাটি এর বরাবরে সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

খ) **আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ**

১. আবেদনকারীকে "রেজিস্ট্রার" রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় - এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১ নং পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা, ২ নং হতে ৫ নং পদের জন্য ৮০০/- (আটশত) টাকা, ৬ নং হতে ১১ নং পদের জন্য ৫০০/- (পাচঁশত) টাকা এবং ১২ নং হতে ১৬ নং পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা যেকোন রাষ্ট্রায়াত্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সোনালী ব্যাংক লিমিটেড, নিউ কোর্ট বিল্ডিং শাখা, রাঙ্গামাটি -এর বরাবরে আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

২. সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

৩. সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদ এর সত্যায়িত কপি।

৪. জাতীয় পরিচয় পত্রের (NID) অথবা জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি এবং নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
(স্থানীয় পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত)

৫. অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি (যদি থাকে)।

৬. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনী হিসেবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পিতার/মাতার মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে ইস্যুকৃত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

৭. পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের স্থায়ী বাসিন্দাদের ক্ষেত্রে প্রার্থীর বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা থেকে যেকোন ০২ (দুটি) শর্ত শিথিলযোগ্য। এরূপ প্রার্থীদের সংশ্লিষ্ট জেলা প্রশাসন/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৮. অধ্যাপক/সহযোগী অধ্যাপকের ক্ষেত্রে ৭ (সাত) কপি আবেদন মূল কপির সাথে জমা দিতে হবে।

৯. সহকারী অধ্যাপক/প্রভাষকের ক্ষেত্রে ৫ (পাঁচ) কপি আবেদন মূল কপির সাথে জমা দিতে হবে।

১০. বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে সমমান নির্ধারণী সনদপত্রের সত্যায়িত কপি।

শর্তাবলী ঃ

১। খামের উপর প্রার্থীত পদের নাম, নিজ জেলা ও কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

২। প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাই করে কেবল প্রাথমিকভাবে উপযুক্ত প্রার্থীদেরকে লিখিত/মৌখিক কিংবা উভয়বিধ **পরীক্ষার তারিখ, সময় ও স্থান** SMS -এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

৩। প্রার্থীদের লিখিত/মৌখিক কিংবা উভয়বিধ পরীক্ষা গ্রহণ করা হবে।

৪। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার সন্তানদের ক্ষেত্রে চাকুরীতে প্রবেশের বয়সসীমা সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য হবে।

৬। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/ঘষামাজা আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল করা হতে পারে।

৭। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।

৮। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরকম টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ/তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হলেও আবেদনপত্র বাতিল এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

১০। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিজ্ঞপ্তি বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে। এক্ষেত্রে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১১। বিভাগীয়/অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে (শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা) যোগ্যতার যে কোন ০১ (এক) টি শর্ত শিথিলযোগ্য।

১২। উক্ত পদসমূহের জন্য ন্যূনতম যোগ্যতাসহ বিস্তারিত বিজ্ঞাপন এবং **আবেদনপত্রের নির্ধারিত ছক** রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (**www.rmstu.edu.bd**) হতে পাওয়া যাবে।

স্বাক্ষরিত-
অঞ্জন কুমার চাকমা
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)ঃ

১। পিএস টু ভিসি (মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), রাবিপ্রবি।

২। তথ্য কর্মকর্তা, রাবিপ্রবি। (বিজ্ঞপ্তিটি ০২ টি স্বনামধন্য জাতীয় দৈনিক ও ০১ টি স্থানীয় পত্রিকায় সর্বনিম্ন ফন্টে একদিন প্রচারের জন্য এবং প্রচারের পর সম্পূর্ণ পত্রিকা রেজিস্ট্রার দপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৩। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, রাবিপ্রবি। (সংযুক্ত বিজ্ঞপ্তিটি যোগ্যতার বিবরণীসহ রাবিপ্রবি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

৪। অফিস নথি।